

বাড়ির কাজ
পরিশ্রমের ফল (পর্ব - ৩)
---ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

১। সঠিক প্রশ্নের উত্তরটি বেছে নিয়ে লেখে :

ক) ব্যক্তি পরিশ্রম করে যে বস্তু উপার্জন করে সেটি - পরের / তার /
বাবা-মায়ের।

উত্তর : তার।

খ) যে ব্যক্তি অন্যের দত্ত বস্তু প্রাপ্ত হয় সেই বস্তুটি তার - নিজের /
অন্যের / কারোর নয়।

উত্তর : নিজের।

গ) যে বস্তু যার সেই বস্তু সে ছাড়া অন্য কারোর নেওয়ার অধিকার -
আছে / নেই / কোনোটিই নয়।

উত্তর : নেই।

ঘ) লোকে জানে, পরিশ্রমের ফলে উপার্জিত বস্তু - অন্য লোকে নিতে পারে
/ অন্য লোকে দিতে পারে / অন্য লোকে নিতে পারে না।

উত্তর : অন্য লোকে নিতে পারে না।

ঙ) কোনো ব্যক্তির অন্যের বস্তু নিতে ইচ্ছা করলে তার উচিত, সেই ব্যক্তির কাছ থেকে সেটা- কিনে অথবা চেয়ে নেওয়া / চুরি করে নেওয়া / জোর করে অথবা ভালবেসে।

উত্তর : কিনে অথবা চেয়ে নেওয়া।

চ) ব্যক্তির পরিশ্রমের ফল অন্য কেউ নিয়ে নিলে তাহলে সেই ব্যক্তি - আরও পরিশ্রম করত / পরিশ্রম করা কমিয়ে দিত / পরিশ্রম করার প্রবৃত্তি হত না।

উত্তর : পরিশ্রম করার প্রবৃত্তি হত না।